اذكار بعد الصلاة
اذكار الصباح و المساء
اذكار النوم
اذكار متفرقة

ذكر
যিক্‌র
REMEMBRANCE

সালাত শেষে, সকাল ও সন্ধ্যায়, ঘুমানোর পূর্বে এবং প্রাত্যহিক মাসনুন যিক্‌র

أَعُوذُ بِاللهِ مِنَ الشَّيْطَانِ الرَّجِيْمِ ۝ بِسْمِ اللهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ ۝

يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوا اذْكُرُوا اللّٰهَ ذِكْرًا كَثِيْرًا ۝ وَّسَبِّحُوْهُ بُكْرَةً وَّاَصِيْلًا ۝

ওহে যারা ঈমান এনেছ ! তোমরা বেশি বেশি আল্লাহকে স্মরণ করো। এবং সকালে ও সন্ধ্যায় তাঁর তাসবিহ করো। (সূরা আহযাব ৩৩:৪১-৪২)

اَلَّذِيْنَ اٰمَنُوْا وَتَطْمَئِنُّ قُلُوْبُهُمْ بِذِكْرِ اللّٰهِ ؕ اَلَا بِذِكْرِ اللّٰهِ تَطْمَئِنُّ الْقُلُوْبُ ۝

যারা ঈমান এনেছে এবং যাদের কল্‌ব আল্লাহর যিকিরে প্রশান্ত হয়; জেনে রাখ! আল্লাহর যিকিরেই কল্‌ব প্রশান্তি লাভ করে। (সূরা রাদ ১৩:২৮)

لَقَدْ كَانَ لَكُمْ فِيْ رَسُوْلِ اللّٰهِ اُسْوَةٌ حَسَنَةٌ لِّمَنْ كَانَ يَرْجُوا اللّٰهَ وَالْيَوْمَ الْاٰخِرَ وَذَكَرَ اللّٰهَ كَثِيْرًا ۝

নিশ্চয়ই আল্লাহর রসূলের মধ্যে রয়েছে তোমাদের জন্য উত্তম আদর্শ, তাদের জন্য যারা আল্লাহ ও আখিরাতকে ভায় করে এবং আল্লাহকে বেশি বেশি স্মরণ করে। (সূরা আহযাব ৩৩:২১)

وَاذْكُرِ اسْمَ رَبِّكَ بُكْرَةً وَّاَصِيْلًا ۝

এবং তোমার রবের নাম স্মরণ করো সকালে ও সন্ধ্যায় (সূরা দাহর ৭৬:২৫)

فَاِذَا قَضَيْتُمُ الصَّلٰوةَ فَاذْكُرُوا اللّٰهَ قِيٰمًا وَّقُعُوْدًا وَّعَلٰى جُنُوْبِكُمْ ۚ فَاِذَا اطْمَاْنَنْتُمْ
فَاَقِيْمُوا الصَّلٰوةَ ۚ اِنَّ الصَّلٰوةَ كَانَتْ عَلَى الْمُؤْمِنِيْنَ كِتٰبًا مَّوْقُوْتًا ۝

এরপর তোমরা যখন সলাত শেষ করবে তখন তোমরা দাঁড়িয়ে, বসে, এবং শুয়ে আল্লাহর যিকির করো। তারপর যখন তোমরা নিরাপদ হবে তখন তোমরা সলাত প্রতিষ্ঠা করো। নিশ্চয়ই সলাত হলো মুমিনদের জন্য নির্দিষ্ট সময়ে নির্ধারিত। (সূরা নিসা ১০৩)

وَاذْكُرْ رَّبَّكَ فِيْ نَفْسِكَ تَضَرُّعًا وَّخِيْفَةً وَّدُوْنَ الْجَهْرِ مِنَ الْقَوْلِ بِالْغُدُوِّ وَالْاٰصَالِ
وَلَا تَكُنْ مِّنَ الْغٰفِلِيْنَ ۝

আর তোমার রবকে স্মরণ করো সন্ধ্যায় ও সকালে, আন্তরিকভাবে, ও বিনীতচিত্তে আর ভীতি সহকারে এবং অনুচ্চস্বরে। আর তুমি উদাসীনদের অন্তর্ভুক্ত হয়ো না। (সূরা আরাফ ৭:২০৫)

فَاذْكُرُوْنِيْٓ اَذْكُرْكُمْ وَاشْكُرُوْا لِيْ وَلَا تَكْفُرُوْنِ ۝

অতএব, তোমরা আমাকেই স্মরণ করো, আমিও তোমাদের স্মরণ করব। এবং আমার প্রতি কৃতজ্ঞ হও আর অকৃতজ্ঞ হয়ো না। (সূরা বাকারা ২:১৫২)

সলাত শেষে মাসনুন যিক্‌র

১.	আল্লাহ সর্বশ্রেষ্ঠ।	1.	Allah the Greatest.
২.	আমি আল্লাহর কাছে ক্ষমা চাই।	2.	I beg forgiveness to Allah.
৩.	হে আল্লাহ! আপনি শান্তিময় আর আপনার কাছেই প্রশান্তি। বরকতময় আপনি হে মহিমান্বিত ও মহাসম্মানিত!	3.	O Allah! You are As-Salam and all peace is from You. Perfection is only Yours, O Possessor of majesty and honour!
৪.	আল্লাহ ছাড়া কোন ইলাহ নেই, তিনি একক, তাঁর কোন অংশী নেই। সার্বভৌমত্ব তাঁর, সব প্রশংসা তাঁর। আর তিনি প্রত্যেক বিষয়ের ওপর পরিপূর্ণ শক্তিমান। আল্লাহ ছাড়া রক্ষাকারী ও শক্তি ক্ষমতার অধিকারী আর কেউ নেই। আল্লাহ ছাড়া কোন ইলাহ নেই। আর আমরা তাঁকে ছাড়া আর কারো ইবাদত করি না। সব নিয়ামত তাঁর, সব অনুগ্রহ তাঁর, সব উত্তম প্রশংসা তাঁর। আল্লাহ ছাড়া কোন ইলাহ নেই, তাঁর দীন অনুসরণে আমরা একনিষ্ঠ, আর কাফেররা তা পছন্দ করে না।	4.	None has the right to be worshipped but Allah; He is alone, have no partner. Sovereignty and all praise belong to Him and He is the omnipotent over all things. There is neither might nor power except with Allah. None has the right to be worshipped but Allah and we worship none except Him. All bounty from Him, all grace from Him, all glorious praise are for Him. None has the right to be worshipped except Allah; We are sincere to follow the Deen (way of life) from Him, although the disbelievers detest it.
৫.	হে আল্লাহ! আপনি যা প্রদান করেন তাতে বাধা দেয়ার কেউ নেই, আর আপনি যা দেন না তা দেয়ার মতো কেউ নেই। কোনো বিত্তবান বা ক্ষমতাবানের সম্পদ বা ক্ষমতা তাকে আপনার থেকে রক্ষা করতে পারে না।	5.	O Allah! None can prevent what You have willed to bestow and none can bestow what You have willed to prevent. And No wealth or might of any mighty or wealthy person can protect him from You.

اذكار بعد الصلاة

-١ اَللّٰهُ اَكْبَرُ - আল্লা-হু আকবার (বুখারী, মুসলিম)

১ বার

-٢ اَسْتَغْفِرُ اللّٰهَ - আসতাগফিরুল্লা~হ (মুসলিম)

৩ বার

-٣ اَللّٰهُمَّ اَنْتَ السَّلَامُ، وَمِنْكَ السَّلَامُ، تَبَارَكْتَ يَا ذَا الْجَلَالِ وَالْاِكْرَامِ

আল্লা-হুম্মা আনতাস সালা-ম, ওয়া মিনকাস সালা-ম, তাবা-রাকতা ইয়া- যাল জালা-লি ওয়াল ইকরা~ম। (মুসলিম)

১ বার

-٤ لَا اِلٰهَ اِلَّا اللّٰهُ وَحْدَهٗ لَا شَرِيْكَ لَهٗ، لَهُ الْمُلْكُ وَلَهُ الْحَمْدُ، وَهُوَ عَلٰى كُلِّ شَيْءٍ قَدِيْرٌ. لَا حَوْلَ وَلَا قُوَّةَ اِلَّا بِاللّٰهِ.

لَا اِلٰهَ اِلَّا اللّٰهُ وَلَا نَعْبُدُ اِلَّا اِيَّاهُ لَهُ النِّعْمَةُ وَلَهُ الْفَضْلُ وَلَهُ الثَّنَاءُ الْحَسَنُ، لَا اِلٰهَ اِلَّا اللّٰهُ مُخْلِصِيْنَ لَهُ الدِّيْنَ وَلَوْ كَرِهَ الْكَافِرُوْنَ.

লা-ইলাহা ইল্লাল্লা-হু ওয়াহ্দাহু লা-শারীকা লাহু, লাহুল মুলকু ওয়া লাহুল হামদু, ওয়া হুয়া আলা- কুল্লি শায়ইন ক্বাদী~র। লা- হাওলা ওয়া লা কুওয়াতা ইল্লা- বিল্লা~হ।

লা- ইলাহা ইল্লাল্লা-হু ওয়া লা- না'অবুদু ইল্লা- ইয়্যা-হু লাহুন্ নি'অমাতু ওয়া লাহুল ফাদলু ওয়া লাহুস্ সানা-উল হাসান। লা- ইলাহা ইল্লাল্ল-াহু মুখলিসী-না লাহুদ্দী-ন ওয়া লাও কারিহাল কা-ফিরু~ন। (মুসলিম)

১ বার

-٥ اَللّٰهُمَّ لَا مَانِعَ لِمَا اَعْطَيْتَ، وَلَا مُعْطِيَ لِمَا مَنَعْتَ، وَلَا يَنْفَعُ ذَا الْجَدِّ مِنْكَ الْجَدُّ.

আল্লা-হুম্মা লা- মা-নি'আ লিমা- আ'অত্বা~ইত। ওয়া লা- মু'অত্বিয়া লিমা - মানা'অত। ওয়া লা- ইয়ানফা'উযা-ল জাদ্দি মিনকাল জাদ্দু। (বুখারী, মুসলিম)

১ বার

৬. আল্লাহ সকল সীমাবদ্ধতার উর্ধ্বে

সকল প্রশংসা আল্লাহর

আল্লাহ সর্বশ্রেষ্ঠ

6. Allah is beyond all impurities

All praise is for Allah

Allah is the greatest

---

৭. আল্লাহ ছাড়া কোন ইলাহ নেই। তিনি একক, তাঁর কোনো অংশী নেই। সার্বভৌমত্ব তাঁর এবং সব প্রশংসা তাঁর। আর তিনি প্রত্যেক বিষয়ের উপর পরিপূর্ণ শক্তিমান।

7. None has the right to be worshipped but Allah. He is alone, have no partner. Sovereignty belongs only to Him and all praise is for Him. And He is the omnipotent over all things.

---

৮. আল্লাহ, তিনি ছাড়া আর কোন ইলাহ নেই, চিরঞ্জীব. চিরস্থায়ী। না তাঁকে স্পর্শ করতে পারে তন্দ্রা আর না নিদ্রা। যা রয়েছে নভোমন্ডলে এবং যা রয়েছে ভূমন্ডলে তা তাঁরই। কে আছে এমন যে তাঁর অনুমতি ছাড়া তাঁর কাছে সুপারিশ করবে? তিনি জানেন যা তাদের সামনে এবং যা তাদের পিছনে। তাঁর জ্ঞানের কিছুই তারা আয়ত্ত করতে পারে না, যা তিনি চান তা ছাড়া। তাঁর কুরসী পরিবেষ্টন করে আছে সকল আকাশ ও পৃথিবী। আর এ দুটোর সংরক্ষণ তাঁকে ক্লান্ত করে না। এবং তিনিই সর্বোচ্চ, সর্বাপেক্ষা মহান।
(এ আয়াতই হলো আয়াতুল কুরসী)

8. Allah! None has the right to be worshipped but He, the Ever-Living, the Sustainer of all that exists. Neither slumber nor sleep overtakes Him. To Him belongs whatever is in the heavens and whatever is on the earth. Who is he that can intercede with Him except with His permission? He knows both, what is to them (His creatures) at present and what will happen to them afterwards. And they will never encompass anything of His knowledge except that which He wills. His Kursi extends over the heavens and the earth. And He feels no fatigue in guarding and preserving them. And He is the Most High, the Most Great.

---

৯. সূরা ইখলাস, সূরা ফালাক, সূরা নাস

9. Sura Ikhlaas, Sura Falaq, Sura Naas.

٦- سُبْحَانَ اللهِ - সুবহানাল্লা-হ

اَلْحَمْدُ لِلّٰهِ - আলহামদুলিল্লা~হ

اَللّٰهُ اَكْبَرُ - আল্লা-হু আকবার

উপরের ৩টি ৩৩ বার করে পাঠ করে নীচেরটি ১ বার পড়ে ১০০ বার পূর্ণ করতে হবে

٧- لَا اِلٰهَ اِلَّا اللهُ وَحْدَهٗ لَا شَرِيْكَ لَهٗ، لَهُ الْمُلْكُ وَلَهُ الْحَمْدُ، وَهُوَ عَلٰى كُلِّ شَيْءٍ قَدِيْرٌ.

লা-ইলাহা ইল্লাল্লা-হু ওয়াহ্দাহু- লা-শারীকা লাহু, লাহুল মুলকু ওয়া লাহুল হামদু, ওয়া হুয়া আলা- কুল্লি শায়ইন ক্বাদী~র। (মুসলিম)

٨- اَللّٰهُ لَا اِلٰهَ اِلَّا هُوَ ۚ اَلْحَيُّ الْقَيُّوْمُ ۚ لَا تَاْخُذُهٗ سِنَةٌ وَّلَا نَوْمٌ ؕ لَهٗ مَا فِي السَّمٰوٰتِ وَمَا فِي الْاَرْضِ ؕ مَنْ ذَا الَّذِيْ يَشْفَعُ عِنْدَهٗ اِلَّا بِاِذْنِهٖ ؕ يَعْلَمُ مَا بَيْنَ اَيْدِيْهِمْ وَمَا خَلْفَهُمْ ۚ وَلَا يُحِيْطُوْنَ بِشَيْءٍ مِّنْ عِلْمِهٖ اِلَّا بِمَا شَآءَ ۚ وَسِعَ كُرْسِيُّهُ السَّمٰوٰتِ وَالْاَرْضَ ۚ وَلَا يَئُوْدُهٗ حِفْظُهُمَا ۚ وَهُوَ الْعَلِيُّ الْعَظِيْمُ.

আল্লা-হু লা- ইলাহা ইল্লা- হু। আল হাইয়্যুল ক্বাইয়ূ~ম। লা- তা'খুজুহু ছিনাতুও ওয়ালা নাওম। লাহু- মা- ফিস সামা-ওয়া-তি ওয়ামা- ফিল আরদ। মান যাল্লাজী- ইয়াশফা'য়ু 'ইন্দাহু~ ইল্লা- বিইযনিহ। ইয়া'লামু মা- বাইনা আইদী-হিম ওয়া মা- খালফাহুম। ওয়ালা- ইউহী-তূনা বিশাইয়্যিম মিন 'ইলমিহি- ইল্লা- বিমাশা~'। ওয়াসি'য়া কুরসিয়্যুহুছ সামা-ওয়া-তি ওয়াল আরদ। ওয়ালা- ইয়ায়ূদুহু- হিফজুহুমা~। ওয়া হুয়াল আলিয়্যুল 'আজী~ম। - সূরা বাকারা : ২৫৫ (বুখারী)

১ বার

٩- قُلْ هُوَ اللهُ اَحَدٌ . قُلْ اَعُوْذُ بِرَبِّ الْفَلَقِ . قُلْ اَعُوْذُ بِرَبِّ النَّاسِ

কুল হুয়া আল্লা-হু আহাদ - কুল আ'উ-যুবিরাব্বিল ফালাক্ব - কুল আ'উ-যুবিরাব্বিন না~স (আবু দাউদ, নাসাঈ)

১ বার, ফজর ও মাগরিবের পরে ৩ বার

১০. হে আল্লাহ! আমাকে আপনার যিক্‌র, আপনার প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন এবং আপনার উত্তম ইবাদত করার সামর্থ্য দিন।

10. O Allah! Please provide me support in remembering You, in thanking You, and worshipping You in the best of manners.

১১. হে আল্লাহ! আমার সকল গুনাহ ক্ষমা করে দিন যা আমি পূর্বে করেছি, যা পরে করে ফেলব, যা গোপনে করেছি, যা প্রকাশ্যে করেছি, যেটুকু আমি বাড়াবাড়ি করেছি আর সে সম্পর্কে আপনিই আমার চাইতে বেশি জ্ঞাত। আপনিই অগ্রগামী করেন, আপনিই পশ্চাদগামী করেন, আপনি ছাড়া আর কোন ইলাহ নেই।

11. O Allah! forgive all my sins I committed before, all my sins I may commit afterwards, all my sins that are hidden, all my sins that are evident and all the excesses that I did of which You are only aware of. You are the Promoter, You are the Demoter and We have no Ilah (to be worshipped) but You.

১২. আল্লাহ ছাড়া কোন ইলাহ নেই, তিনি একক, তাঁর কোন অংশী নেই, সার্বভৌমত্ব তাঁর এবং সব প্রশংসা তাঁর। তিনিই জীবন দেন এবং তিনিই মৃত্যু দেন। আর তিনি প্রত্যেক বিষয়ের উপর পরিপূর্ণ শক্তিমান।

12. None has the right to be worshipped except Allah; He is alone, without partner. Sovereignty belongs only to Him and all praise is for him. He gives life and causes death and He is the omnipotent over all things.

১৩. হে আল্লাহ! আমি আপনার কাছে উপকারী জ্ঞান, উত্তম রিযিক এবং গ্রহণযোগ্য আমল কামনা করি।

13. O Allah! I beg to You useful knowledge, worthy sustenance and acceptable performance.

১৪. তোমার রব তাদের আরোপিত সকল সীমাবদ্ধতা থেকে মুক্ত, সম্মানিত রব। এবং শান্তি বর্ষিত হোক রসূলগণের ওপর। আর সকল প্রশংসা জগতসমূহের রব আল্লাহর জন্য।

14. Exalted is your Rob, the Rob beyond any impurities of what they describe. And peace be upon the Prophets. And all praise belongs to Allah, Rob of the worlds.

সকাল ও সন্ধ্যার মাসনুন যিক্‌র

১.	আল্লাহ ছাড়া কোন ইলাহ নেই, তিনি একক, তাঁর কোন অংশী নেই। সার্বভৌমত্ব তাঁর এবং সব প্রশংসা তাঁর। তিনি প্রত্যেক বিষয়ের ওপর পরিপূর্ণ শক্তিমান। আল্লাহ সকল সীমাবদ্ধতার উর্দ্ধে এবং সমস্ত প্রশংসা আল্লাহর এবং আল্লাহ ছাড়া কোন ইলাহ নেই এবং আল্লাহ সর্বশ্রেষ্ঠ। না আছে কোনো রক্ষাকারী আর না কোনো শক্তি-ক্ষমতার অধিকারী সর্বশ্রেষ্ঠ ও সুমহান আল্লাহ ছাড়া। হে আমার রব! আমাকে ক্ষমা করুন।	1.	None has the right to be worshipped except Allah; He is alone, have no partner. Sovereignty belongs only to Him and all praise is for Him and He is the omnipotent over all matters. Allah is beyond all impurities, and all praise is for Allah, and none has the right to be worshipped but Allah. Allah is the greatest and there is neither power nor might except with Allah, The Most High, and the Supreme. O Allah! Forgive me.
২.	আল্লাহ সকল সীমাবদ্ধতার উর্ধে এবং সকল প্রশংসা তাঁর জন্য।	2.	Allah is beyond all impurities. And all praise is for Him.
৩.	আমি আল্লাহর কাছে তাঁর সমুদয় বাণীর মাধ্যমে তাঁর সকল সৃষ্টির ক্ষতি থেকে আশ্রয় চাই।	3.	I take refuge in Allah's perfect words from the evil of all His creatures.
৪.	আল্লাহকে রব এবং ইসলামকে দীন আর মুহাম্মদ স. কে রসূল (নবী) পেয়ে আমরা সন্তুষ্ট। [সন্ধ্যায় 'রসূল' এর জায়গায় 'নাবিয়্যা' দিয়ে ৩ বার পড়তে হবে]	4.	We are pleased with Allah as the Rob and Islam as the Deen and Muhammad (PBUH) as the Rasul (the prophet). [To be read `Nabiya' in place of `Rasul' in the evening]
৫.	আল্লাহ সকল সীমাবদ্ধতা মুক্ত এবং তাঁর প্রশংসা তাঁর সৃষ্টির সংখ্যার সমান, তাঁর নিজের সন্তোষের সমান, তাঁর আরশের ওজনের সমান ও তাঁর বাণীসমূহ লিখার কালি পরিমাণ।	5.	Allah is beyond all impurities and I praise Him by the number of His creation, and at the level of His pleasure, and by the weight of His throne, and the ink of His words.

أذكار الصباح والمساء

١- لَا إِلٰهَ إِلَّا اللّٰهُ وَحْدَهُ لَا شَرِيْكَ لَهُ ، لَهُ الْمُلْكُ وَلَهُ الْحَمْدُ وَهُوَ عَلٰى كُلِّ شَيْءٍ قَدِيْرٌ ، سُبْحَانَ اللّٰهِ وَالْحَمْدُ لِلّٰهِ وَلَا إِلٰهَ إِلَّا اللّٰهُ ، وَاللّٰهُ أَكْبَرُ ، وَلَا حَوْلَ وَلَا قُوَّةَ إِلَّا بِاللّٰهِ الْعَلِيِّ الْعَظِيْمِ ، رَبِّ اغْفِرْ لِيْ.

লা-ইলাহা ইল্লাল্লা-হু ওয়াহ্দাহু- লা-শারীকা লাহ, লাহুল মুলকু ওয়া লাহুল হামদু ওয়া হুয়া আলা- কুল্লি শায়ইন ক্বাদী~র। সুবহা-নাল্লা-হি ওয়াল হামদুলিল্লা-হি ওয়া লা- ইলাহা ইল্লাল্লা-হু ওয়াল্লা-হু আকবার। ওয়া লা- হাওলা ওয়া লা-কুওয়াতা ইল্লা- বিল্লা-হিল 'আলিয়্যিল 'আযি~ম। রাব্বিগ ফির লী~। (বুখারী)

২- سُبْحَانَ اللّٰهِ وَبِحَمْدِهِ.

সুবহা-নাল্লা-হি ওয়া বিহাম্‌দিহ। (মুসলিম)

সকাল ও সন্ধ্যায় ১০০ বার

৩- أَعُوْذُ بِكَلِمَاتِ اللّٰهِ التَّامَّاتِ مِنْ شَرِّ مَا خَلَقَ.

আ'উ-যু বিকালিমা-তিল্লা-হিত্ তাম্মা-তি মিন শাররি মা- খালাক। (মুসলিম)

সন্ধ্যায় ৩ বার

٤- رَضِيْتُ بِاللّٰهِ رَبًّا ، وَبِالْإِسْلَامِ دِيْنًا ، وَبِمُحَمَّدٍ (ص) رَسُوْلًا نَبِيًّا.

রাদী-তু বিল্লা-হি রাব্বা-, ওয়া বিল ইসলা-মি দ্বী-না-, ওয়া বি মুহাম্মাদিন সা. রসু-লা~ [নাবিয়্যা~]

সন্ধ্যায় [.....نَبِيًّا] নাবিয়্যা দিয়ে **৩ বার** পড়তে হবে। (তিরমিযী, আহমদ)

٥- سُبْحَانَ اللّٰهِ وَبِحَمْدِهِ ، عَدَدَ خَلْقِهِ ، وَرِضَا نَفْسِهِ ، وَزِنَةَ عَرْشِهِ ، وَمِدَادَ كَلِمَاتِهِ.

সুবাহা-নাল্লা-হি ওয়া বিহাম্‌দিহী 'আদাদা খাল্‌ক্বিহী ওয়া রিদা- নাফ্‌সিহী ওয়া যিনাতা 'আর্‌শিহী ওয়া মিদা-দা কালিমা-তিহী। (মুসলিম)

সকালে ১ বার

٦- حَسْبِىَ اللّٰهُ لَا اِلٰهَ اِلَّا هُوَ عَلَيْهِ تَوَكَّلْتُ وَهُوَ رَبُّ الْعَرْشِ الْعَظِيْمِ.

হাস্‌বিইয়াল্লা-হ, লা- ইলা-হা ইল্লা হু, 'আলাইহি তাওয়াক্কালতু ওয়া হুয়া রাব্বুল 'আরশিল 'আযী~ম। (আবু দাউদ)

৭ বার

٧- بِسْمِ اللّٰهِ الَّذِىْ لَا يَضُرُّ مَعَ اسْمِهٖ شَىْءٌ فِى الْاَرْضِ، وَلَا فِى السَّمَآءِ وَهُوَ السَّمِيْعُ الْعَلِيْمُ.

বিসমিল্লা-হিল্লাযী লা- ইয়াদুররু মা'আসমিহী শাইউন ফিল্ আরদ, ওয়া লা- ফিস্ সামা~য়ী, ওয়াহুয়াস্ সামী-'উল 'আলী~ম। (আবু দাউদ)

৩ বার

٨- أَصْبَحْنَا /أَمْسَيْنَا عَلَى فِطْرَةِ الْإِسْلَامِ، وَكَلِمَةِ الْإِخْلَاصِ، وَسُنَّةِ نَبِيِّنَا مُحَمَّدٍ (ص)، وَمِلَّةِ اَبِيْنَا إِبْرَاهِيْمَ حَنِيْفًا مُسْلِمًا، وَمَا كَانَ مِنَ الْمُشْرِكِيْنَ .

আসবাহনা- [আমসাইনা-] 'আলা ফিত্‌রাতিল ইসল-াম, ওয়া কালিমাতিল ইখলা-স, ওয়া সুন্নাতি নাবি-য়্যিনা- মুহাম্মাদ (সাঃ), ওয়া মিল্লাতি আবী-না ইবরা-হীমা হানী-ফাম মুসলিমা-, ওয়া মা- কা-না মিনাল মুশরিকি~ন। (আহমেদ)

[সন্ধ্যায় শুরু করতে হবে- ....اَمْسَيْنَا (আমসাইনা....) দিয়ে।]

٩- اَللّٰهُمَّ بِكَ أَصْبَحْنَا/أَمْسَيْنَ، وَبِكَ أَمْسَيْنَا/أَصْبَحْنَا، وَبِكَ نَحْيَا، وَبِكَ نَمُوْتُ، وَإِلَيْكَ النُّشُوْرُ

আল্লা-হুম্মা বিকা আসবাহনা-, ওয়া বিকা আমসাইনা-, ওয়া বিকা নাহ্‌ইয়া-, ওয়া বিকা নামু-তু, ওয়া ইলাইকান নুশু~র। (তিরমিযী)

[সন্ধ্যায় أَصْبَحْنَا (আসবাহনা) এর জায়গায় - اَمْسَيْنَا (আমসাইনা) এবং اَمْسَيْنَا (আমসাইনা) এর জায়গায় أَصْبَحْنَا (আসবাহনা) পড়তে হবে।]

১০. হে আল্লাহ! যে সকল নিয়ামত আমি এবং আপনার সকল সৃষ্টি এ সকালে/সন্ধ্যায় পেয়েছি সেসব আপনারই। এবং আপনি একক, আপনার কোনো অংশী নেই, সকল প্রশংসা আপনার। আর কৃতজ্ঞতা আপনার প্রাপ্য।

10. O Allah! Whatever blessing I and any of Your creations have enjoyed this morning/evening are only from You. You are alone, You have no partner. All praise is for You and all thanks unto You.

---

১১. হে আল্লাহ! আমি সকালে/সন্ধ্যায় উপনীত হয়ে নিশ্চিতভাবে আপনার ও আপনার আরশ বহনকারীদের এবং আপনার সকল ফেরেশতার ও আপনার সকল সৃষ্টির সাক্ষ্য দিচ্ছি, নিশ্চয়ই আপনি আল্লাহ, আপনি ছাড়া আর কোন ইলাহ নেই। আপনি একক, আপনার কোনো অংশী নেই। আর মুহাম্মাদ স. আপনার বান্দা ও রসূল।

11. O Allah! verily I have reached the morning (evening) and call on You, the bearers of Your throne, Your angels, and all of Your creations to witness that You are Allah, none has the right to be worshipped but You, You are alone, You have no partner and that Muhammad (PBUH) is Your Servant and Messenger.

---

১২. হে চিরঞ্জীব! হে চিরস্থায়ী! আপনার রহমতের প্রত্যাশা করি। আমার জন্য আমার সবকিছু আপনি সংশোধন করে দিন, চোখের পলক পরিমাণ সময়ের জন্যও আপনি আমাকে আমার নিজের ওপর ছেড়ে দেবেন না।

12. O Ever-living! O Ever-existing! I see Your blessings. Please rectify all of my affairs for my betterment and do not leave me upon myself, even for the blink of an eye.

১০- اللّٰهُمَّ مَا أَصْبَحَ / أَمْسَى بِيْ مِّنْ نِعْمَةٍ، أَوْ بِأَحَدٍ مِّنْ خَلْقِكَ فَمِنْكَ، وَحْدَكَ لَا شَرِيْكَ لَكَ، فَلَكَ الْحَمْدُ وَلَكَ الشُّكْرُ.

আল্লা-হুম্মা মা- আসবাহা (আমসা) বী- মিন নি'মাতিন, আও বিআ~হাদিম্ মিন খালকিকা ফামিনকা, ওয়াহ্‌দাকা লা- শারী-কা লাক্, ফালাকাল হামদু ওয়ালাকাশ্ শুক্‌র্। (আবু দাউদ)

[সন্ধ্যায় শুরু করতে হবে - اَللّٰهُمَّ مَا اَمْسٰى (আল্লাহুম্মা মা আমসা) দিয়ে।]

১১- اَللّٰهُمَّ اِنِّيْ اَصْبَحْتُ / أَمْسَيْتُ اُشْهِدُكَ، وَاُشْهِدُ حَمَلَةَ عَرْشِكَ، وَمَلَائِكَتِكَ، وَجَمِيْعَ خَلْقِكَ، اَنَّكَ اَنْتَ اللّٰهُ لَا اِلٰهَ اِلَّا اَنْتَ وَحْدَكَ لَا شَرِيْكَ لَكَ، وَاَنَّ مُحَمَّدًا عَبْدُكَ وَرَسُوْلُكَ.

আল্লা-হুম্মা ইন্নি- আসবাহ্‌তু (আমসাইতু) উশহিদুকা ওয়া উশহিদু হামালাতা 'আরশিক। ওয়া মালা-ইকাতিকা, ওয়া জামী-'আ খাল্‌কিক্। আন্নাকা আনতাল্লা-হু লা- ইলা-হা ইল্লা আনতা ওয়াহ্‌দাকা লা- শারী-কা লাক্, ওয়া আন্না মুহাম্মাদান 'আবদুকা ওয়া রাসু-লুক। (আবু দাউদ)

[সন্ধ্যায় শুরু করতে হবে - اَللّٰهُمَّ اِنِّيْ اَمْسَيْتُ (আল্লাহুম্মা ইন্নি আমসাইতু) দিয়ে।]

১ থেকে ৪ বার সকাল ও সন্ধ্যায়

১২- يَا حَيُّ يَا قَيُّوْمُ بِرَحْمَتِكَ أَسْتَغِيْثُ، أَصْلِحْ لِيْ شَأْنِيْ كُلَّهُ، وَلَا تَكِلْنِيْ إِلَى نَفْسِيْ طَرْفَةَ عَيْنٍ.

ইয়া- হাইয়্যু- ইয়া ক্বাইয়্যু-মু বিরাহমাতিকা আসতাগী-স, আসলিহলী শা'নী- কুল্লাহ। ওয়া লা- তাকিলনী- ইলা নাফসী- ত্বরফাতা 'আই~ন্। (আত তারগীব ওয়াত তারহীব)

১৩. হে আল্লাহ! আমার শরীর সুস্থ রাখুন। হে আল্লাহ! আমার শ্রবণশক্তি সুস্থ রাখুন। হে আল্লাহ! আমার দৃষ্টিশক্তি সুস্থ রাখুন। আপনি ছাড়া কোনো ইলাহ নেই।

13. O Allah! Grant me sound health. O Allah! Grant me good hearing. O Allah! Grant me good eyesight. None has the right to be worshipped but You.

হে আল্লাহ! আমি আপনারই আশ্রয় চাই কুফরি ও দারিদ্র্য থেকে। আর আমি আপনার কাছেই আশ্রয় চাই কবরের আযাব থেকে। আপনি ছাড়া আর কোনো ইলাহ নেই।

O Allah! I take refuge with You from disbelief and poverty, and I take refuge with You from the punishment of the grave. None has the right to be worshipped but You.

১৪. হে আল্লাহ! আপনার কাছেই দুনিয়া ও আখিরাতের নিরাপত্তা চাই।

14. O Allah! I seek Your protection in this life and in hereafter.

হে আল্লাহ! আপনারই কাছে ক্ষমা এবং আমার দীন ও দুনিয়া, পরিবার ও সম্পদের নিরাপত্তা চাই।

O Allah! I seek Your mercy both for my Deen and worldly affairs. And safety for my family and my wealth as well.

হে আল্লাহ! আপনি আমার দোষ-ত্রুটি গোপন রাখুন এবং আমার হতাশচিত্তকে প্রশান্ত করে দিন।

O Allah! Conceal my faults and set at ease my dismay.

হে আল্লাহ! আপনি আমাকে নিরাপদে রাখুন আমার সামনের দিক থেকে, আমার পিছনের দিক থেকে, আমার ডান দিক থেকে, আমার বাম দিক থেকে এবং আমার উপর দিক থেকে আর আপনার মহত্ত্বের কাছে নীচের বিপদ থেকেও আশ্রয় চাই।

O Allah! Protect me from the front and from the behind and from my right and from my left and from above, and I seek refuge in Your majesty from the pressure of the underneath.

প্রাত্যহিক মাসনুন যিক্‌র

১. **ঘুম থেকে উঠে**
সমস্ত প্রশংসা আল্লাহর জন্য যিনি আমার (নিদ্রারূপ) মৃত্যুর পর আমাকে জীবিত করেন। তাঁরই কাছে সকলের পুনরুত্থান হবে।

1. **When waking up**
All praise is for Allah who gave us life after having taken it from us and unto Him is the resurrection.

২. **টয়লেটে প্রবেশকালে**
(আল্লাহর নামে)। হে আল্লাহ! আমি অবশ্যই অপবিত্রতা এবং সকল দূষণ থেকে আপনার আশ্রয় চাই।

2. **Entering the toilet**
(In the name of Allah). O Allah! I take refuge with you from all evil and evil-doers.

৩. **পোশাক খুলতে**
আল্লাহর নামে।

3. **Undressing**
In the name of Allah.

৪. **কাপড় পড়তে**
সকল প্রশংসা আল্লাহর জন্য যিনি আমাকে এটা পরিধান করিয়েছেন। আমার কোনো শক্তি নেই, কোনো সামর্থ্য ছাড়াই তিনি আমাকে এটি দান করেছেন।

4. **Wearing garment**
All Praise is for Allah who has clothed me with this garment and provided it for me, with no power nor might from myself.

৫. **টয়লেট শেষে**
আপনার ক্ষমা!

5. **Leaving the toilet**
(O Allah!) Forgive me please.

৬. **ওযুর শুরুতে**
আল্লাহর নামে।

6. **Starting ablution**
In the name of Allah.

৭. **ওযুর শেষে**
আমি সাক্ষ্য দিচ্ছি যে, আল্লাহ ছাড়া কোন ইলাহ নেই, তিনি একক, তাঁর কোনো অংশী নেই। আমি আরো সাক্ষ্য দিচ্ছি যে, মুহাম্মাদ স. তাঁর বান্দা ও তাঁর রসূল।

7. **Completing ablution**
I bear witness that none has the right to be worshipped but Allah, He is alone without partner, and I bear witness that Muhammad is His Servant and Messenger.

হে আল্লাহ! আপনি আমাকে তওবাকারী ও পবিত্রতা অর্জনকারীদের অন্তর্ভুক্ত করুন।

O Allah! Please include me among them who return to You often in repentance and keep me with them who have achieved perfection.

٨- بِسْمِ اللهِ تَوَكَّلْتُ عَلَى اللهِ، وَلَا حَوْلَ وَلَا قُوَّةَ إِلَّا بِاللهِ.

বিসমিল্লা-হি তাওয়াক্কালতু 'আলাল্লা-হ, ওয়া লা- হাওলা ওয়া লা- কুওওয়াতা ইল্লা- বিল্লা-হ।

اَللّٰهُمَّ إِنِّيْ أَعُوْذُبِكَ أَنْ أَضِلَّ أَوْ أُضَلَّ، أَوْ أَزِلَّ أَوْ أُزَلَّ، أَوْ أَظْلِمَ أَوْ أُظْلَمَ، أَوْ أَجْهَلَ أَوْ يُجْهَلَ عَلَيَّ.

আল্লা-হুম্মা ইন্নি- আ'উ-যুবিকা আন আদিল্লা আও উদাল্লা, আও আযিল্লা আও উযাল্লা, আও আজলিমা আও উজলামা, আও আজহালা আউ ইউজহালা 'আলাইয়া। (তিরমিযী, দাউদ)

٩- سُبْحَانَ الَّذِيْ سَخَّرَ لَنَا هٰذَا وَمَا كُنَّا لَهُ مُقْرِنِيْنَ ۙ وَإِنَّا إِلَى رَبِّنَا لَمُنْقَلِبُوْنَ ۝

সুবহা-নাল্লাযী- সাখ্খারালানা- হা-যা- ওয়ামা- কুন্না- লাহু মুক্বরিনী~ন, ওয়া ইন্না- ইলা- রাব্বিনা- লামুনক্বালিবু~ন। (তিরমিযী, দাউদ)

١٠- اَللّٰهُمَّ رَبَّ هٰذِهِ الدَّعْوَةِ التَّامَّةِ وَالصَّلٰوةِ الْقَائِمَةِ، اٰتِ مُحَمَّدَنِ الْوَسِيْلَةَ وَالْفَضِيْلَةَ، وَابْعَثْهُ مَقَامًا مَحْمُوْدَنِ الَّذِيْ وَعَدْتَّهُ، إِنَّكَ لَا تُخْلِفُ الْمِيْعَادِ.

আল্লা-হুম্মা রাব্বা হা-জিহিদ দা'অওয়াতিত্ তা-ম্মাতি ওয়াস সলা-তিল কা-য়িমাহ। আ-তি মুহাম্মাদানিল ওয়াসি-লাতা ওয়াল ফাদি-লাহ। ওয়াব'আছহু মাক্বা-মাম মাহমুদানিল্লাজি- ওয়া'আদতাহ। ইন্নাকা লা- তুখলিফুল মি'আ~দ। (বুখারী)

١١- أَعُوْذُ بِاللهِ الْعَظِيْمِ، وَبِوَجْهِهِ الْكَرِيْمِ، وَسُلْطَانِهِ الْقَدِيْمِ، مِنَ الشَّيْطَانِ الرَّجِيْمِ.

আ'উ-যুবিল্লা-হিল 'আযী~ম, ওয়া বি ওয়াজহিহিল কারী~ম, ওয়া সুলত্ব-নিহিল কাদী~ম, মিনাশ শাইত্ব-নির রাজি~ম।

بِسْمِ اللهِ وَالصَّلَاةُ وَالسَّلَامُ عَلَى رَسُوْلِ اللهِ. اَللّٰهُمَّ افْتَحْ لِيْ أَبْوَابَ رَحْمَتِكَ.

(বিসমিল্লা-হি ওয়াসসলা-তু ওয়াস সালা-মু 'আলা রসু-লিল্লা-হ) আল্লা-হুম্মাফ তাহ্‌লি- আবওয়া-বা রাহমাতিক। (আবু দাউদ)

١٢- بِسْمِ اللهِ وَالسَّلَامُ عَلَى رَسُوْلِ اللهِ. اَللّٰهُمَّ إِنِّيْ أَسْئَلُكَ مِنْ فَضْلِكَ.

বিসমিল্লা-হি ওয়াস সালা-মু 'আলা- রসু-লিল্লাহ, আল্লা-হুম্মা ইন্নি- আসআলুকা মিন ফাদলিক। (আবু দাউদ, তিরমিযী)

١٣- بِسْمِ اللهِ وَلَجْنَا، وَبِسْمِ اللهِ خَرَجْنَا، وَعَلَى رَبِّنَا تَوَكَّلْنَا.

বিসমিল্লা-হি ওয়ালাজনা-, ওয়া বিসমিল্লা-হি খারাজনা-, ওয়া 'আলা- রাব্বিনা তাওয়াক্কালনা~। (আবু দাউদ, তিরমিযী)

١٤- بِسْمِ اللهِ.

বিস্‌মিল্লা-হ (আবু দাউদ, তিরমিযী)

١٥- اَلْحَمْدُ لِلّٰهِ الَّذِيْ أَطْعَمَنَا وَسَقَانَا وَجَعَلَنَا مِنَ الْمُسْلِمِيْنَ.

আলহামদুলিল্লা-হিল্লাযি- আত্'আমানা- ওয়াসাকা-না- ওয়াজা'আলানা- মিনাল মুসলিমী~ন। (আবু দাউদ, তিরমিযী)